

তারিখ: ৯ এপ্রিল ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশে বিচার বহির্ভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনায় মহামান্য হাইকোর্ট বিভাগের রুল জারী

আজ ৯ এপ্রিল ২০১৭ ইং তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশের নামে নারী ও পুরুষকে বিচার বহির্ভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনায় সুয়োমটো রুল নং- ০৩/২০১৭ এর শুনানীর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের ডিভিশন বেঞ্চ চর মার্টিন ইউনিয়ন পরিষদের সচিব আব্দুস জাহিরকে মিথ্যা তথ্য এবং জাল দলিল আদালতে দাখিল করার জন্য কেন তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে না - এই মর্মে কারণ দর্শানোর নির্দেশনা দিয়ে রুল জারি করেন। পাশাপাশি আদালত সোনালী ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা পরিচালককে চর লরেস শাখার ম্যানেজার ব্যতীত অন্য কোনো অফিসার কর্তৃক - চর লরেস শাখার চলমান হিসাব নম্বর ২০০০০০৬৪১, যা চরমার্টিন ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিল নামে এবং চলমান হিসাব নম্বর ২০০০০০৩১৫ যা ৪নং চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিল নামে হিসাবগুলোর লেজার বুক সহ ডিজিটাল ব্যাংক স্টেটম্যান্ট এর মূল কপি আদালতে দাখিলের নির্দেশ প্রদান করেন। এছাড়া বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালককে তোরাবগঞ্জ বাজার শাখার ম্যানেজার ব্যতীত অন্য কোনো অফিসার কর্তৃক তোরাবগঞ্জ বাজার শাখার চলমান হিসাব নং ৫৮-৭৯ যা চরমার্টিন ইউনিয়ন পরিষদ নামে; চলমান হিসাব নং ৭৯ যা চরমার্টিন ইউনিয়ন পরিষদ বাজার তহবিল নামে; এবং চলমান হিসাব নম্বর ৮০ যা ৪ নং চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ জন্ম নিবন্ধন তহবিল নামে হিসাবগুলোর লেজার বুক সহ ডিজিটাল ব্যাংক স্টেটম্যান্ট এর মূল কপি আদালতে দাখিলের নির্দেশ প্রদান করেন। বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর এবং বিচারপতি এ, কে, এম, সাহিদুল হক গঠিত মহামান্য হাইকোর্ট বিভাগের ডিভিশন বেঞ্চ এই আদেশ প্রদান করেন। আগামী ১২.০৪.২০১৭ তারিখ দুপুর ২টায় পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

উল্লেখ্য, ৫ই এপ্রিল ২০১৭ ইং মহামান্য আদালত লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশের নামে নারী ও পুরুষকে বিচার বহির্ভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনায় সুয়োমটো রুল নং- ০৩/২০১৭ এর শুনানীর প্রেক্ষিতে রেজিস্টার তলব করেন। মহামান্য আদালতের তলবকৃত রেজিস্টার এর কপি সমূহ ৬ই এপ্রিল ইউনিয়ন পরিষদের সচিব আব্দুস জাহির মহামান্য আদালতে পেশ করেন। কিন্তু উক্ত রেজিস্টার এর কপি পর্যালোচনার পর আদালত মতামত প্রদান করেন যে, সুয়োমটো রুল ইস্যু করার পর আদালতে দাখিলকৃত রেজিস্টারটি তৈরী করা হয়েছে এবং আদালতে উপস্থিত ইউনিয়ন পরিষদের সচিব পূর্ববর্তী চেয়ারম্যানের স্বাক্ষর জালিয়াতি করে উক্ত রেজিস্টারটি তৈরী করেছেন মর্মে আদালতে স্বীকার করেন।

উক্ত শুনানিতে ব্লাস্ট এর পক্ষে উপস্থিত ছিলেন ব্লাস্ট এর আইন উপদেষ্টা ও পরিচালক এডভোকেট এস এম রেজাউল করিম; প্যানেল আইনজীবী এডভোকেট আইনুন নাহার লিপি এবং ব্লাস্টের সিনিয়র স্টাফ আইনজীবী এডভোকেট শারমিন আক্তার। চেয়ারম্যানের পক্ষে উপস্থিত ছিলেন সিনিয়র এডভোকেট জনাব আব্দুর রব চৌধুরী। রাষ্ট্রপক্ষে উপস্থিত ছিলেন ডেপুটি এ্যাটর্নী জেনারেল এ.এস.এম. নাজমুল হক উপস্থিত ছিলেন।

শ্রেণীপট: গত ৩১ ডিসেম্বর ২০১৬ ইং তারিখ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক গ্রাম্য সালিশে নারী ও পুরুষকে ফতোয়ার নামে বিচার বহির্ভূত শাস্তি প্রদান করেন যা ১৪ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ বিডি নিউজ ২৪.কম এ সংবাদ আকারে প্রকাশিত হয়। সেই তারিখে ব্লাস্ট এর আইন উপদেষ্টা ও পরিচালক এডভোকেট এস এম রেজাউল করিম উক্ত ঘটনাটি আদালতের নজরে আনলে মহামান্য আদালত ঘটনাটিকে আমলে নেন। তাকে সহায়তা করেন ব্লাস্টের আইনজীবী এডভোকেট শারমিন আক্তার। উক্ত শুনানিতে রাষ্ট্রপক্ষের ডেপুটি এ্যাটর্নী জেনারেল জনাব এ.এস.এম. নাজমুল হক উপস্থিত ছিলেন।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ইমেইল: mahbuba@blast.org.bd